প্রজন্ম কথা
Voice of the Generation
PROJANMO KOTHA
APRIL 2026

# THE TALE OF BENGALI NEW YEAR



**Measles Outbreak:** A Preventable Crisis

PROJANMO KOTHA
Voice of the Generation
প্রজন্ম কথা
APRIL 2026

Editor
**Dr. Noor Mohammad**
Consultant
**Saiful Huda**
Publication Coordinator
**Shuhash Mahmud**
Graphic Designer
**Zahida Huq Chaiti**
Photographer
**Hossain Anwar**

## Contents

PAGE 2
The Tale of Bengali New Year

PAGE 5
Measles Outbreak: A Preventable Crisis Demanding Urgent Attention

PAGE 8
Bangladesh Reaffirms Commitment to Combating Racism at CSW

PAGE 9
MoU Signing with CBOs: Advancing Community-Led and Inclusive Service Delivery

PAGE 10
World Health Day 2026: Together for health. Stand with science

**'Projanmo' Founding Editor : Abdur Rouf**

Edited and published by
**Dr. Noor Mohammad**

Population Services and Training Center (PSTC).
PSTC Bhaban, House # 5, Main Road, Block–B,
Aftabnagar, Badda, Dhaka 1212, Bangladesh
Telephone Numbers: +880 2226602372–75
E-mail: projanmo@pstc-bgd.org

*This publication could be made possible with the assistance from the International Planned Parenthood Federation (IPPF) through its supported project FOCUS.*

# EDITORIAL

**Celebrating New Beginnings, Protecting Our Children**

As we welcome Pohela Boishakh, the Bengali New Year, Bangladesh is once again filled with the colors, sounds, and warmth of renewal. Streets and homes shimmer with festivity, families gather to celebrate traditions, and communities come together in a spirit of joy and hope. Beyond the colors and music, Pohela Boishakh invites reflection—a time to remember our achievements, recognize our resilience, and reaffirm our commitment to a better, healthier, and more inclusive future. Each New Year carries with it the promise of fresh beginnings, both for individuals and for the nation.

Yet, amidst this celebration, we cannot ignore the pressing challenges around us. The recent outbreak of measles in some districts is a reminder that preventable diseases continue to threaten the lives of our children. Measles, which can be entirely prevented with timely vaccination, should no longer claim young lives in a country equipped with the knowledge, technology, and resources to protect its children. This outbreak highlights the urgent need for public awareness, strong routine immunization programs, and coordinated efforts by the government, communities, and families alike. Every child deserves protection, every family deserves the reassurance of safety, and every citizen has a role to play in ensuring this.

7 April – World Health Day, underscores this message. Health is a fundamental human right, the foundation of social and economic progress, and the measure of a nation's commitment to its future. Protecting children from diseases like measles is not only a public health responsibility but a moral imperative. It reminds us that celebrating life and culture must go hand in hand with safeguarding the lives of our most vulnerable.

As we celebrate Pohela Boishakh, let this New Year inspire renewed action and collaboration. Let us strengthen public health education, ensure timely immunization, and build awareness at the grassroots level. Let us combine joy with responsibility, tradition with progress, and celebration with care. When we protect our children today, we are investing in the resilient, healthy, and thriving Bangladesh of tomorrow.

May this Pohela Boishakh be a celebration of culture, renewal, and most importantly, a commitment to health, life, and hope for all our children.



# The Tale of Bengali New Year

Saiful Huda

## Background

Pohela Boishakh, the Bengali New Year, is far more than a date marking the beginning of a calendar. It is a celebration layered with history, culture, resistance, and renewal. Observed on 14 April in Bangladesh and usually on 15 April in parts of India, the festival has evolved over centuries - from an imperial fiscal system to one of the most vibrant and inclusive cultural expressions of the Bengali people worldwide.

## Origins

The most widely accepted origin of the Bengali calendar dates back to the reign of Akbar (1556–1605). During his rule, the empire relied on the Islamic Hijri calendar, which is lunar and does not align with agricultural cycles. This created significant difficulties in collecting land taxes from farmers whose harvests followed seasonal patterns.

To address this, Akbar commissioned his court astronomer Fatehullah Shirazi to develop a new calendar. By combining elements of the solar Hindu calendar with the lunar Hijri system, Shirazi created the Fasli San, or harvest calendar, which later became known as the Bengali calendar (Bangabda).

However, some historians trace the roots of the Bengali era even further back to the 7th century, attributing it to Shashanka. Though debated, this theory suggests that the cultural foundation of Pohela Boishakh may predate Mughal reforms.



Initially, the New Year was not a festive occasion. It was closely tied to administration and economy. Landlords organized tax collection ceremonies such as Punyaho, while traders observed Haal Khata, opening new account books and inviting customers to settle debts, often accompanied by sweets and goodwill.

## Transformation into a Social and Cultural Festival

By the 19th century, Pohela Boishakh had begun to transform from a fiscal event into a social celebration. In rural Bengal, it became a day of community gathering. Villages hosted Boishakhi Melas - fairs filled with folk music, traditional games, handicrafts, and shared meals.

A key turning point in shaping modern celebration came in 1864, when the Tagore family organized a New Year event at Jorasanko in Kolkata. Later, Rabindranath Tagore gave the festival a refined cultural identity through music, poetry, and dance. His song "Esho He Boishakh" remains a central feature of New Year celebrations, symbolizing renewal and purification.

This period marked the beginning of Pohela Boishakh as a cultural festival that resonated beyond rural communities into urban society.

## A Symbol of Resistance and National Identity

The political significance of Pohela Boishakh emerged strongly during the pakistan period (1950s–1960s). Attempts by the ruling authorities to suppress Bengali language and culture led to widespread cultural resistance.

In this context, the celebration of the Bengali New Year became an assertion of identity. In 1967, the cultural organization Chhayanaut began organizing public celebrations at Ramna Batamul in Dhaka. These events boldly included performances of Tagore's songs, defying official restrictions.

The festival became intertwined with the spirit of the 1952 Language Movement and the broader struggle for cultural and political rights, eventually contributing to the momentum of the 1971 Liberation War.

After independence, in 1972, Pohela Boishakh was declared a national holiday in Bangladesh—solidifying its importance in the country's cultural and national identity.

## Modern Celebrations and Secular Identity

In contemporary Bangladesh, Pohela Boishakh is a vibrant, secular celebration embraced by people of all religions and backgrounds. One of its most iconic features is the Mangal Shobhajatra, introduced in



By the courtesy of: shutterstock website

1989 by students of Dhaka University's Faculty of Fine Arts.

Originally a protest against authoritarian rule, the procession features colorful masks, symbolic figures, and artistic expressions representing hope, unity, and resistance against injustice.

In 2016, UNESCO recognized the Mangal Shobhajatra as an Intangible Cultural Heritage of Humanity.The day is marked by traditional attire - red and white saris and panjabis - along with festive foods such as Panta Bhat and Hilsa fish. Music, dance, and art fill the streets, creating an atmosphere of joy and inclusiveness.

## A Global Festival

Pohela Boishakh is no longer confined to Bengal. Bengali diaspora communities across the world celebrate the festival with equal enthusiasm. Cities like London, New York, and Toronto host large-scale events, including fairs, concerts, and processions.

These global celebrations serve as a bridge between generations, helping preserve cultural heritage while adapting to new environments.

At the same time, the festival continues to evolve within Bangladesh. Recent developments, such as debates over the naming of Mangal Shobhajatra, reflect ongoing discussions about tradition, secularism, and cultural identity in a changing society.

## Conclusion: A Festival of Renewal and Continuity

Pohela Boishakh's journey - from a Mughal administrative reform to a global cultural celebration - mirrors the broader history of the Bengali people. It has evolved through phases of economic necessity, social transformation, cultural awakening, and political resistance.

Today, it stands as a powerful symbol of unity and renewal. It is a day when differences fade, and a shared identity comes to the forefront.

More than just the beginning of a new year, Pohela Boishakh represents continuity - of culture, of memory, and of hope.

**Shubho Noboborsho.**

The writer is the consultant for Projanmo Kotha and can be reached at saif.huda@gmail.com



By the courtesy of : shutterstock website




# Measles Outbreak: A Preventable Crisis Demanding Urgent Attention

Dr. Sima Bhoumik

As Bangladesh witnesses a renewed rise in measles infections among children, health experts are sounding the alarm: this is not an unavoidable outbreak - it is a preventable one.

Despite the availability of safe and effective vaccines, gaps in awareness, missed doses, and lingering misconceptions are putting thousands of children at risk of a disease that can turn deadly within days.

## A Highly Contagious Threat


According to leading paediatrician Lutfunnesa, measles is one of the most contagious viral diseases known. Spread through coughing, sneezing, and even breathing, the virus can linger in the air or on surfaces for up to two hours.

What makes it especially dangerous is its extraordinary transmission rate: a single infected person can spread measles to 12 to 18 others - far exceeding many other respiratory illnesses, including COVID-19

For children, particularly those with weak immunity or vitamin A deficiency, the risks are severe and immediate.

## What Is Measles and Why Is It Dangerous?

Measles is caused by the rubeola virus and primarily attacks the respiratory system. It often begins with




By the courtesy of : shutterstock website

symptoms that resemble common infections:

- High fever
- Runny nose and persistent cough
- Red, watery eyes
- Sore throat

Within a few days, a distinctive red rash appears—typically starting on the forehead and spreading across the body.

However, the real danger lies in its complications. Measles can lead to life-threatening conditions such as:

- Pneumonia
- Encephalitis (brain inflammation)
- Severe eye infections, including corneal ulcers
- Ear infections

In some cases, especially among young children, these complications can prove fatal.

## The Vaccine Gap: A Critical Weakness

Bangladesh has made significant progress in vaccination coverage, with over 90 percent of children receiving the first dose of the measles vaccine at nine months.

Yet, a critical gap remains: the second dose, scheduled at 15 months, is often missed.

Experts warn that this lapse in follow-up vaccination is a major driver behind the current outbreak. Families may forget the second dose, or it may be overlooked due to changing family circumstances, such as a new pregnancy.

Additionally, small pockets of unvaccinated communities—sometimes influenced by misinformation or superstition—continue to act as reservoirs for the virus. These clusters can trigger wider outbreaks, even in largely vaccinated populations.

## Prevention: Simple, Safe, and Effective

The most effective protection against measles is the MMR vaccine (measles, mumps, rubella). Health experts emphasize:

- First dose at 9 months
- Second dose at 15 months

If a child misses a scheduled vaccination, it is not too late. Immediate consultation with a healthcare provider can



ensure the child is protected.

The vaccine is widely regarded as safe. Most children experience no side effects, while some may develop mild fever or slight discomfort at the injection site. Rarely, a temporary rash may appear. Severe allergic reactions are extremely uncommon.

## Treatment: Managing Complications, Not the Virus

There is currently no specific antiviral treatment for measles. Medical care focuses on managing symptoms and preventing complications.

Doctors may administer high doses of vitamin A to reduce the severity of the disease and protect vision. In cases of secondary bacterial infections, antibiotics may be required.

Severe cases often require hospitalization, especially when complications like pneumonia or encephalitis arise.

## Why Children Are Most at Risk

Newborns typically receive antibodies from their mothers, offering protection for the first nine months of life. This is why the vaccination schedule begins at that age.

However, once this natural protection fades, unvaccinated or partially vaccinated children become highly vulnerable.

Children with poor nutrition or weakened immune systems face even greater risks, making timely vaccination not just important - but essential.

## A Public Health Call to Action


The current measles outbreak is a stark reminder that progress in public health can quickly reverse if vigilance declines.

Vaccination is not just a personal choice—it is a collective responsibility. Ensuring every child receives both doses of the vaccine is crucial to preventing future outbreaks.

Parents, caregivers, and communities must work together to close the immunity gap, challenge misinformation, and prioritize children's health.

Because in the case of measles, prevention is not only possible, but also the only real protection.

The writer is the Research Assistant Professor of University of Vermont, USA and she could be reached at sima.bhowmik@uvm.edu



By the courtesy of : save the children



NEWS

# Bangladesh Reaffirms Commitment to Combating Racism at CSW

On 23 March 2026, Dr. Khalilur Rahman reaffirmed Bangladesh's strong commitment to combating racism and racial discrimination while addressing a commemorative session of the United Nations Commission for Status of Women (CSW).

In his statement, the Foreign Minister emphasized that Bangladesh has signed all major international conventions related to racism and racial discrimination, reflecting the country's firm stance against all forms of inequality and injustice.

He called for renewed and strengthened global efforts to eliminate racism, promote equality, and uphold human dignity worldwide.

Highlighting ongoing global concerns, Dr. Rahman drew attention to persistent racial injustices in Rakhine and Gaza, noting that the international community is still far from achieving the objectives outlined in the Durban Declaration and Program of Action.

His remarks underscored the urgent need for collective action to address systemic discrimination and inequality.

The Foreign Minister also shed light on the challenges faced by migrant workers across the globe, including exclusion, exploitation, and limited access to justice.

He stressed that such challenges undermine the core principles and values of the United Nations and require immediate and coordinated international responses.

Reiterating Bangladesh's constitutional commitment to equality and human rights, Dr. Rahman highlighted the country's ongoing efforts to foster inclusivity, peaceful coexistence, and stronger human rights institutions.

He further called for increased investment in education, decisive action against hate speech, and enhanced intercultural dialogue as key strategies to build a more just and inclusive world.

The statement reflects Bangladesh's continued advocacy for global solidarity and reinforces its role in promoting a world free from racism and discrimination.

PK News Desk



# MoU Signing with CBOs: Advancing Community-Led and Inclusive Service Delivery

On 15 March 2026, Population Services and Training Center formalized partnerships with two Community-Based Organizations (CBOs) - Ashokta Punarbashan Sangstha and Bonchita - through the signing of Memorandums of Understanding (MoUs).

This collaboration marks a significant step toward strengthening community-led interventions and ensuring more responsive, equitable, and resilient service delivery for marginalized and underserved populations across selected regions of Bangladesh.

The partnership focuses on enhancing organizational capacity and expanding access to inclusive Sexual and Reproductive Health and Rights (SRHR) services. It also emphasizes strengthening emergency response mechanisms, recognizing that vulnerable groups—such as sex workers and people who use injectable drugs—are disproportionately affected during disasters and require timely and targeted support.

The MoUs were signed by Md. Abul Basher, Executive Director of APOSH, and Ms. Nur Nahar, Executive Director of Bonchita, in the presence of Sanjeeda Islam, Chairperson of PSTC's Governing Body, and Dr. Noor Mohammad.

APOSH, established in 1999 in Rajshahi, has evolved from a self-help group of former drug users into a nationally recognized organization working on health, rights, and social empowerment of people who use drugs and other marginalized communities. Bonchita, a national platform of sex workers' organizations, represents 33 member groups across Bangladesh and has extensive experience in healthcare service delivery, rights-based advocacy, and capacity building for female sex workers.

Following the signing, both organizations highlighted the importance of this collaboration. Md. Abul Basher noted that the agreement will strengthen rehabilitation efforts and improve coordinated support for people who use drugs. Ms. Nur Nahar emphasized that the partnership will enhance institutional capacity and expand the reach and quality of services for marginalized groups, including female sex workers, homeless women, and other vulnerable communities.

Dr. Noor Mohammad reaffirmed PSTC's commitment to partnership-driven approaches, transparency, and accountability, while expressing optimism about the strengthened role of CBOs in future program implementation. Ms. Sanjeeda Islam also commended the dedication of partner organizations and encouraged continued efforts to improve the wellbeing of marginalized populations.

The event was attended by key program and management staff from PSTC, reflecting a shared commitment to collaborative action and sustainable impact through community engagement.

PK News Desk



# WORLD HEALTH DAY

7 APRIL 2026

Together for health. Stand with science.

## World Health Day 2026: Together for health. Stand with science

**7 April 2026**

World Health Day 2026, observed on 7 April, calls on people everywhere to stand with science.

Under the theme “Together for health. Stand with science”, this year’s observance launches a year long campaign celebrating the power of scientific collaboration to protect the health of people, animals, plants, and the planet.

The campaign spotlights both scientific achievements and the multilateral cooperation needed to turn evidence into action – through a strong focus on the One Health approach.

Anchoring the 2026 campaign are two major global moments:

the International One Health Summit (7 April), hosted by WHO and the Government of France under the French G7 Presidency, and the inaugural Global Forum of WHO Collaborating Centres (7–9 April), gathering nearly 800 scientific institutions from over 80 countries.

Together, these events form the largest scientific network ever convened around a United Nations agency, underscoring how science driven partnerships can build a healthier, safer future for all.

The campaign invites people everywhere to participate - by celebrating scientific achievements, engaging with evidence, sharing personal stories of how science improves lives, and joining the global conversation through #StandWithScience and #WorldHealthDay.

### Campaign goals

The campaign calls on governments, scientists, health workers, partners, and the public to:

- stand with science by engaging with evidence, facts, and science-based guidance to protect health;
- rebuild trust in science and public health; and
- Support science-led solutions for a healthier future.

By the courtesy of WHO


প্রজন্ম কথা
Voice of the Generation
PROJANMO KOTHA
এপ্রিল ২০২৬
বাংলা নববর্ষের ইতিকথা
হাম প্রাদুর্ভাব:
প্রতিরোধযোগ্য এক সংকট

প্রজন্ম কথা
প্রজন্মের কণ্ঠস্বর
PROJANMO KOTHA
এপ্রিল ২০২৬

সম্পাদক
**ড.নূর মোহাম্মদ**

কনসালট্যান্ট
**সায়ফুল হুদা**

পাবলিকেশন কো-অর্ডিনেটর
**সুহাস মাহমুদ**

গ্রাফিক ডিজাইনার
**জাহিদা হক চৈতি**

আলোকচিত্র
**হোসেন আনোয়ার**

# সূচিপত্র

পৃষ্ঠা ০২
টাইপ বাংলা নববর্ষের ইতিকথা

পৃষ্ঠা ০৫
হাম প্রাদুর্ভাবঃ প্রতিরোধযোগ্য এক সংকট

পৃষ্ঠা ০৮
বর্ণবাদের বিরুদ্ধে লড়াইয়ে সিএসডব্লিউ-তে বাংলাদেশের অঙ্গীকার পুনর্ব্যক্ত

পৃষ্ঠা ০৯
কমিউনিটি-ভিত্তিক ও অন্তর্ভুক্তিমূলক সেবা জোরদারে সিবিওদের সঙ্গে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর

পৃষ্ঠা ১০
বিশ্ব স্বাস্থ্য দিবস ২০২৬ঃ স্বাস্থ্যের জন্য একসাথে, বিজ্ঞানের পাশে দাঁড়ান

প্রজন্ম প্রতিষ্ঠাতা সম্পাদক: আবদুর রউফ

প্রকাশক ও সম্পাদক
ড. নূর মোহাম্মদ

পপুলেশন সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার (পিএসটিসি)
পিএসটিসি ভবন, বাড়ি # ৫, মেইন রোড, ব্লক-বি
আফতাব নগর, বাড্ডা, ঢাকা-১২১২, বাংলাদেশ
টেলিফোন: +৮৮ ০২ ২২২৬৬০২৩৭২-৭৫
ই-মেইল: projanmo@pstc-bgd.org

এ প্রকাশনা সম্ভব হয়েছে ফোকাস প্রকল্পের মাধ্যমে ইন্টারন্যাশনাল প্ল্যানড প্যারেন্টহুড ফেডারেশন (আইপিপিএফ) -এর সহায়তায়

# সম্পাদকীয়

**নতুন সূচনা উদযাপন, শিশুদের স্বাস্থ্য রক্ষা**

যখন আমরা পহেলা বৈশাখ উদযাপন করি, বাংলাদেশ আবারও নতুন জীবনের রঙ, শব্দ এবং উষ্ণতায় ভরে ওঠে। রাস্তাঘাট ও বাড়িঘর সাজানো, পরিবারগুলো ঐতিহ্য উদযাপনে একত্রিত, সম্প্রদায়গুলো মিলিত হয় আনন্দ ও আশা উদযাপনের জন্য। শুধু আনন্দ বা রঙের মধ্যেই নয়, পহেলা বৈশাখ আমাদের আত্মসমীক্ষারও আহ্বান জানায় - একটি সময়, আমাদের সাফল্যকে স্মরণ করার, আমাদের দৃঢ়তা এবং সক্ষমতা চিনে নেওয়ার এবং একটি উন্নত, স্বাস্থ্যকর ও অন্তর্ভুক্তিমূলক ভবিষ্যতের জন্য প্রতিশ্রুতিবদ্ধ হওয়ার। প্রতি নতুন বছর ব্যক্তিগত জীবন এবং জাতির জন্য নতুন সূচনার প্রতিশ্রুতি নিয়ে আসে।

কিন্তু এই আনন্দের মাঝে, আমাদের চারপাশের গুরুতর চ্যালেঞ্জগুলোও অবহেলা করা যায় না। সম্প্রতি বাংলাদেশে যে হামের প্রাদুর্ভাব দেখা দিয়েছে, তা আমাদের মনে করিয়ে দেয় যে প্রতিরোধযোগ্য রোগ এখনো আমাদের শিশুদের জীবন হুমকির মুখে ফেলছে। হাম,যা সময়মতো টিকাদানের মাধ্যমে সম্পূর্ণরূপে প্রতিরোধযোগ্য, আর কখনও আমাদের দেশের শিশুদের জীবন হরণ করার কারণ হতে পারেনা। এই প্রাদুর্ভাব দেখায় যে সচেতনতা বৃদ্ধি, নিয়মিত টিকাদান কর্মসূচি, এবং সরকার, সম্প্রদায় ও পরিবারের সমন্বিত উদ্যোগ অপরিহার্য। প্রতিটি শিশু সুরক্ষিত হওয়া উচিত, প্রতিটি পরিবার নিশ্চিন্ত থাকা উচিত, এবং প্রতিটি নাগরিকের দায়িত্ব রয়েছে এই সুরক্ষা নিশ্চিত করার।

৭ এপ্রিল – বিশ্ব স্বাস্থ্য দিবস, এই আহ্বানকে আরও জোরালোভাবে মনে করিয়ে দেয়। স্বাস্থ্য একটি মৌলিক মানবাধিকার, যা সামাজিক ও অর্থনৈতিক অগ্রগতির ভিত্তি এবং একটি দেশের ভবিষ্যতের প্রতি প্রতিশ্রুতির মানদণ্ড। শিশুদের হামের মতো রোগ থেকে রক্ষা করা কেবল জনস্বাস্থ্য দায়িত্ব নয়, এটি নৈতিক কর্তব্যও বটে। এটি আমাদের স্মরণ করিয়ে দেয় যে জীবন এবং সংস্কৃতির উদযাপনকে শিশুদের সুরক্ষার সাথে মিলিয়ে চলা জরুরি।

যেমন করে আমরা পহেলা বৈশাখ উদযাপন করি, তেমন করেই এই নতুন বছর হোক নতুন উদ্যোগ ও সমন্বয়ের অনুপ্রেরণা। জনসচেতনতা বাড়াই, সময়মতো টিকাদান নিশ্চিত করি, এবং ক্ষুদ্র থেকে বৃহৎ স্তরে সচেতনতা ছড়াই। আনন্দকে দায়িত্বের সঙ্গে, ঐতিহ্যকে অগ্রগতির সঙ্গে এবং উদযাপনকে যত্নের সঙ্গে মিলাই। আজ আমরা যদি আমাদের শিশুদের সুরক্ষা নিশ্চিত করি, তাহলে আমরা আগামীকালের দৃঢ়, সুস্থ ও সমৃদ্ধ বাংলাদেশের ভিত্তি তৈরি করতে পারবো।

আসুন, এই পহেলা বৈশাখকে কেবল সংস্কৃতি ও ঐতিহ্যের উদযাপন নয়, বরং সকল শিশুর স্বাস্থ্য, জীবন ও আশা রক্ষার প্রতি সমষ্টিগত প্রতিশ্রুতির দিন বানাই।



# বাংলা নববর্ষের ইতিকথা

সায়ফুল হুদা

## ভূমিকা

পহেলা বৈশাখ শুধু একটি নতুন বছরের সূচনা নয় - এটি বাঙালির ইতিহাস, সংস্কৃতি, প্রতিরোধ এবং আত্মপরিচয়ের এক বহুমাত্রিক প্রকাশ। বাংলাদেশে ১৪ এপ্রিল এবং ভারতের পশ্চিমবঙ্গে সাধারণত ১৫ এপ্রিল পালিত এই দিনটি শতাব্দীর পর শতাব্দী ধরে একটি প্রশাসনিক প্রয়োজন থেকে রূপ নিয়েছে সর্বজনীন উৎসবে।

## উৎপত্তি

বাংলা সনের প্রচলন নিয়ে সবচেয়ে গ্রহণযোগ্য মতটি আমাদের নিয়ে যায় মুঘল সম্রাট আকবর (১৫৫৬–১৬০৫)-এর সময়ে।

সে সময়ে ব্যবহৃত হিজরি চান্দ্র পঞ্জিকা কৃষি মৌসুমের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ছিল না, ফলে কৃষকদের কাছ থেকে সময়মতো খাজনা আদায় করা কঠিন হয়ে পড়ত।


এই সমস্যার সমাধানে আকবর তাঁর দরবারের জ্যোতির্বিদ ফতেহ উল্লাহ সিরাজী - কে একটি নতুন পঞ্জিকা তৈরির দায়িত্ব দেন।

তিনি সৌর হিন্দু পঞ্জিকা ও চান্দ্র হিজরি পঞ্জিকার সমন্বয়ে তৈরি করেন 'ফসলি সন', যা পরবর্তীতে বাংলা সন বা বঙ্গাব্দ নামে পরিচিত হয়।

তবে কিছু ঐতিহাসিকের মতে, বাংলা সনের সূচনা আরও প্রাচীন - ৭ম শতকে গৌড়ের রাজা শশাঙ্ক - এর সময়ে এর ভিত্তি স্থাপিত হয়েছিল। যদিও এই মত নিয়ে বিতর্ক রয়েছে, তবুও এটি বাংলা সনের গভীর ঐতিহ্যের ইঙ্গিত দেয়।

প্রাথমিকভাবে পহেলা বৈশাখ ছিল একটি অর্থনৈতিক দিন। জমিদাররা 'পুণ্যাহ' অনুষ্ঠানের মাধ্যমে খাজনা আদায় করতেন, আর ব্যবসায়ীরা 'হালখাতা' খুলে নতুন হিসাব শুরু করতেন—গ্রাহকদের আপ্যায়ন করতেন মিষ্টি দিয়ে।

## সামাজিক ও সাংস্কৃতিক উৎসবে রূপান্তর



১৯শ শতকে পহেলা বৈশাখ ধীরে ধীরে একটি সামাজিক উৎসবে পরিণত হয়। গ্রামবাংলায় এই দিনটি হয়ে ওঠে মিলনমেলা - যেখানে বসত বৈশাখী মেলা, লোকসংগীত, কুস্তি বা বলিখেলা, এবং নানা লোকজ আয়োজন।

আধুনিক রূপের সূচনা ঘটে ১৮৬৪ সালে, যখন ঠাকুর পরিবার কলকাতার জোড়াসাঁকোয় নববর্ষ উদযাপন শুরু করে। পরে বিশ্ব কবি রবিন্দ্রনাথ ঠাথাকু এই উৎসবকে সাংস্কৃতিক উচ্চতায় নিয়ে যান। তাঁর রচিত "এসো হে বৈশাখ" গানটি আজও নববর্ষের প্রতীক হিসেবে ধ্বনিত হয়।

এই সময় থেকেই পহেলা বৈশাখ গ্রাম থেকে শহরে, অর্থনীতি থেকে সংস্কৃতিতে বিস্তৃত হয়ে পড়ে।

**প্রতিরোধ ও জাতীয় চেতনার প্রতীক**

১৯৫০ ও ৬০ - এর দশকে পাকিস্তান আমলে পহেলা বৈশাখ নতুন অর্থ পায়। বাংলা ভাষা ও সংস্কৃতিকে দমনের প্রচেষ্টার বিরুদ্ধে এটি হয়ে ওঠে প্রতিরোধের প্রতীক।

১৯৬৭ সালে সাংস্কৃতিক সংগঠন ছায়ানট ঢাকার রমনা বটমূলে নববর্ষ উদযাপন শুরু করে।

সেখানে রবীন্দ্রসংগীত পরিবেশনের মাধ্যমে তারা নিষেধাজ্ঞাকে অমান্য করে এবং বাঙালির সাংস্কৃতিক পরিচয়কে জোরালোভাবে তুলে ধরে।

এই উৎসব ১৯৫২ সালের ভাষা আন্দোলন এবং ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের চেতনার সঙ্গে গভীরভাবে যুক্ত হয়ে পড়ে।

স্বাধীনতার পর ১৯৭২ সালে পহেলা বৈশাখকে জাতীয় ছুটির দিন ঘোষণা করা হয় - যা এর জাতীয় গুরুত্বকে প্রতিষ্ঠা করে।

**আধুনিক উদযাপন ও অসাম্প্রদায়িক চেতনা**

বর্তমানে পহেলা বৈশাখ একটি সর্বজনীন, অসাম্প্রদায়িক উৎসব। ধর্ম-বর্ণ নির্বিশেষে সবাই এই দিনটি উদযাপন করে।

১৯৮৯ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের শিক্ষার্থীরা 'মঙ্গল শোভাযাত্রা' শুরু করেন, যা পরবর্তীতে উৎসবের অন্যতম প্রধান আকর্ষণে পরিণত হয়।

রঙিন মুখোশ, প্রতীকী ভাস্কর্য এবং শিল্পকর্মের মাধ্যমে এই শোভাযাত্রা অন্যায়ের বিরুদ্ধে প্রতিরোধ এবং শুভ শক্তির জয়ের বার্তা দেয়।

২০১৬ সালে ইউনেস্কো মঙ্গল শোভাযাত্রাকে মানবতার অমূল্য সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে স্বীকৃতি দেয়।

এই দিনে লাল-সাদা পোশাক, পান্তা-ইলিশ, গান, নাচ ও আনন্দের মধ্য দিয়ে বাঙালির উৎসবমুখর চেহারা ফুটে ওঠে।

**বিশ্বজুড়ে পহেলা বৈশাখ**

আজ পহেলা বৈশাখ কেবল বাংলাদেশ বা পশ্চিমবঙ্গেই সীমাবদ্ধ নয়। বিশ্বের বিভিন্ন দেশে বসবাসরত বাঙালিরা এই উৎসব উদযাপন করেন সমান উৎসাহে।



সৌজন্যে ঃ শাটারস্টক ওয়েবসাইট

লন্ডন, নিউইয়র্ক, টরন্টোসহ বিভিন্ন শহরে বৈশাখী মেলা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং শোভাযাত্রা আয়োজন করা হয়।

এসব আয়োজন প্রবাসী বাঙালিদের শেকড়ের সঙ্গে সংযুক্ত রাখে এবং নতুন প্রজন্মকে তাদের ঐতিহ্যের সঙ্গে পরিচিত করে।

একই সঙ্গে, দেশের ভেতরেও উৎসবটি ক্রমাগত পরিবর্তিত হচ্ছে। মঙ্গল শোভাযাত্রার নাম পরিবর্তন নিয়ে সাম্প্রতিক বিতর্ক প্রমাণ করে যে, পহেলা বৈশাখ এখনও একটি জীবন্ত ও বিবর্তনশীল সাংস্কৃতিক প্রক্রিয়া।

**উপসংহার: নবায়নের চিরন্তন আহ্বান**

পহেলা বৈশাখের ইতিহাস বাঙালির ইতিহাসেরই প্রতিচ্ছবি। এটি অর্থনৈতিক প্রয়োজন থেকে শুরু হয়ে সামাজিক উৎসব, সাংস্কৃতিক জাগরণ এবং রাজনৈতিক প্রতিরোধের মধ্য দিয়ে আজকের অবস্থানে পৌঁছেছে।

আজ এটি শুধু একটি উৎসব নয়—এটি ঐক্য, পরিচয় এবং নবায়নের প্রতীক।

নতুন বছরের এই **শুভক্ষণে,** অতীতের স্মৃতি আর ভবিষ্যতের আশাকে একসঙ্গে বুকে ধারণ করে বাঙালি এগিয়ে যায় নতুন সূচনার পথে।


**শুভ নববর্ষ।**



লেখক প্রজন্ম কথা-র কনসালট্যান্ট এবং তাঁর সঙ্গে প্রয়োজনে saiful.huda@gmail com এই ই-মেইলে যোগাযোগ করা যেতে পারে।



সৌজন্যে : সাটারস্টক ওয়েবসাইট




# হাম প্রাদুর্ভাব: প্রতিরোধযোগ্য এক সংকট, এখনই সচেতনার সময়

ড. সীমা ভৌমিক

বাংলাদেশে আবারও বাড়ছে হাম রোগে আক্রান্ত শিশুর সংখ্যা। স্বাস্থ্য বিশেষজ্ঞদের সতর্কবার্তা স্পষ্ট - এটি কোনো অনিবার্য মহামারি নয়, বরং অবহেলা ও সচেতনতার ঘাটতির ফল।

কারণ, নিরাপদ ও কার্যকর টিকা থাকা সত্ত্বেও অনেক শিশুই এখনও এই প্রাণঘাতী রোগের ঝুঁকিতে রয়েছে।

### অত্যন্ত সংক্রামক এক ভাইরাস

শিশু বিশেষজ্ঞ লুৎফুন্নেছা - এর মতে, হাম বিশ্বের অন্যতম সংক্রামক রোগ। আক্রান্ত ব্যক্তি হাঁচি, কাশি বা শ্বাসের মাধ্যমে খুব সহজেই ভাইরাস ছড়াতে পারে।

এমনকি ভাইরাসটি বাতাসে বা কোনো পৃষ্ঠে দুই ঘণ্টা পর্যন্ত সক্রিয় থাকতে পারে।

সবচেয়ে উদ্বেগজনক বিষয় হলো - একজন আক্রান্ত ব্যক্তি ১২ থেকে ১৮ জন সুস্থ মানুষকে সংক্রমিত করতে পারে, যা কোভিড-১৯ থেকেও বেশি সংক্রমণক্ষম।


বিশেষ করে অপুষ্টি বা দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতাসম্পন্ন শিশুদের জন্য এটি মারাত্মক ঝুঁকিপূর্ণ।

### হাম কী এবং কেন এটি বিপজ্জনক?

হাম (Measles) রুবেওলা ভাইরাসজনিত একটি সংক্রামক রোগ, যা মূলত শ্বাসতন্ত্রকে আক্রমণ করে।

এর প্রাথমিক লক্ষণগুলো সাধারণ ঠান্ডা-জ্বরের মতো:

- জ্বর



হাম রোগের লক্ষণসমূহ

সৌজন্যে: সাটারস্টক ওয়েবসাইট

- সর্দি ও কাশি
- চোখ লাল হয়ে যাওয়া
- গলা ব্যথা

কয়েকদিন পর শরীরে লালচে ফুসকুড়ি দেখা দেয়, যা সাধারণত কপাল থেকে শুরু হয়ে পুরো শরীরে ছড়িয়ে পড়ে।

তবে সবচেয়ে বড় ঝুঁকি এর জটিলতায়। হাম থেকে হতে পারে:

- নিউমোনিয়া
- এনসেফালাইটিস (মস্তিষ্কে সংক্রমণ)
- কানের সংক্রমণ
- চোখের কর্নিয়ায় ক্ষত বা অন্ধত্ব

অনেক ক্ষেত্রে এসব জটিলতা শিশুর মৃত্যুর কারণও হতে পারে।

### টিকার ঘাটতি: বড় দুর্বলতা

বাংলাদেশে ৯০ শতাংশের বেশি শিশু প্রথম ডোজের টিকা (৯ মাসে) পেলেও, দ্বিতীয় ডোজ (১৫ মাসে) নেওয়ার ক্ষেত্রে বড় ধরনের অবহেলা দেখা যায়।

বিশেষজ্ঞরা বলছেন, এই দ্বিতীয় ডোজ না নেওয়াই বর্তমান প্রাদুর্ভাবের অন্যতম কারণ।

অনেক সময় অভিভাবকরা ভুলে যান, অথবা পারিবারিক ব্যস্ততায় বিষয়টি গুরুত্ব পায় না। আবার কিছু ক্ষেত্রে কুসংস্কার বা ভুল ধারণার কারণে টিকা নিতে অনীহা দেখা যায়।

এই ধরনের ছোট ছোট "অটিকাপ্রাপ্ত গোষ্ঠী" বা পকেট কমিউনিটি থেকেই বড় আকারে সংক্রমণ ছড়িয়ে পড়তে পারে।

### প্রতিরোধ: সহজ কিন্তু অত্যন্ত জরুরি

হাম প্রতিরোধের একমাত্র কার্যকর উপায় হলো এমএমআর টিকা (Measles, Mumps, Rubella)।

### টিকাদানের নির্ধারিত সময়:

- প্রথম ডোজ: ৯ মাসে
- দ্বিতীয় ডোজ: ১৫ মাসে

যদি কোনো শিশু নির্ধারিত সময়ে টিকা নিতে না পারে, তাহলে যত দ্রুত সম্ভব চিকিৎসকের পরামর্শ নিয়ে টিকা সম্পন্ন করা উচিত।

এই টিকা সম্পূর্ণ নিরাপদ। সাধারণত কোনো গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়া দেখা যায় না। তবে কিছু ক্ষেত্রে হালকা জ্বর, ইনজেকশনের স্থানে ব্যথা বা অল্প ফুসকুড়ি হতে পারে, যা কয়েক দিনের মধ্যেই সেরে যায়।



### চিকিৎসা: উপসর্গ নিয়ন্ত্রণই প্রধান

হামের নির্দিষ্ট কোনো ওষুধ নেই। চিকিৎসা মূলত জটিলতা নিয়ন্ত্রণের ওপর নির্ভর করে।

চিকিৎসকরা প্রয়োজনে উচ্চমাত্রার ভিটামিন 'এ' দিয়ে থাকেন, যা রোগের তীব্রতা কমাতে সাহায্য করে এবং চোখের জটিলতা প্রতিরোধ করে।

যদি ব্যাকটেরিয়াল সংক্রমণ যুক্ত হয়, তাহলে অ্যান্টিবায়োটিক প্রয়োজন হতে পারে। গুরুতর ক্ষেত্রে হাসপাতালে ভর্তি হওয়া জরুরি।

### শিশুরাই কেন বেশি ঝুঁকিতে?

জন্মের পর শিশু মায়ের শরীর থেকে কিছু অ্যান্টিবডি পায়, যা প্রায় ৯ মাস পর্যন্ত সুরক্ষা দেয়। এরপর এই প্রাকৃতিক সুরক্ষা কমে যায়, ফলে টিকা না নেওয়া বা অসম্পূর্ণ টিকাপ্রাপ্ত শিশুরা দ্রুত ঝুঁকিতে পড়ে। বিশেষ করে অপুষ্টিতে ভোগা শিশুদের ক্ষেত্রে ঝুঁকি আরও বেশি।


### এখনই করণীয়: সবার দায়িত্ব

বর্তমান হাম প্রাদুর্ভাব আমাদের একটি গুরুত্বপূর্ণ শিক্ষা দেয় - স্বাস্থ্যসেবায় সামান্য অবহেলাও বড় বিপদ ডেকে আনতে পারে।

প্রতিটি শিশুকে পূর্ণ টিকাদানের আওতায় আনা শুধু পরিবারের নয়, পুরো সমাজের দায়িত্ব।


সচেতনতা বৃদ্ধি, কুসংস্কার দূর করা এবং সময়মতো টিকা নিশ্চিত করা - এই তিনটি পদক্ষেপই পারে ভবিষ্যতের প্রাদুর্ভাব রোধ করতে।

কারণ হাম প্রতিরোধ করা সম্ভব - আর প্রতিরোধই এখানে সবচেয়ে কার্যকর সুরক্ষা।



সৌজন্যে : aol.com

লেখক ভারমন্ট বিশ্ববিদ্যালয়ের সহকারী গবেষণা অধ্যাপক এবং তাঁর সঙ্গে প্রয়োজনে sima.bhowmik@uvm.edu এই ই-মেইলে যোগাযোগ করা যেতে পারে।



সৌজন্যে : সেভ দ্য চিলড্রেন



# বর্ণবাদের বিরুদ্ধে লড়াইয়ে সিএসডব্লিউ-তে বাংলাদেশের অঙ্গীকার পুনর্ব্যক্ত

২৩ মার্চ ২০২৬ তারিখে জাতিসংঘের নারী বিষয়ক কমিশন (CSW) - এর একটি স্মারক অধিবেশনে বক্তব্য রাখতে গিয়ে ড. খলিলুর রহমান বর্ণবাদ ও জাতিগত বৈষম্যের বিরুদ্ধে বাংলাদেশের দৃঢ় অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।

তার বক্তব্যে পররাষ্ট্রমন্ত্রী উল্লেখ করেন যে, বাংলাদেশ বর্ণবাদ ও জাতিগত বৈষম্য সম্পর্কিত সকল প্রধান আন্তর্জাতিক সনদে স্বাক্ষর করেছে, যা সব ধরনের বৈষম্য ও অন্যায়ের বিরুদ্ধে দেশের দৃঢ় অবস্থানকে প্রতিফলিত করে।

তিনি বর্ণবাদ নির্মূল, সমতা প্রতিষ্ঠা এবং মানব মর্যাদা রক্ষায় বৈশ্বিক প্রচেষ্টা জোরদারের আহ্বান জানান।

বৈশ্বিক প্রেক্ষাপটে চলমান উদ্বেগের কথা উল্লেখ করে ড. রহমান রাখাইন ও গাজায় বিদ্যমান বর্ণগত অবিচারের দিকে দৃষ্টি আকর্ষণ করেন।

তিনি বলেন, ডারবান ঘোষণা ও কর্মপরিকল্পনায় নির্ধারিত লক্ষ্য অর্জনে আন্তর্জাতিক সম্প্রদায় এখনো অনেক পিছিয়ে রয়েছে।

তার বক্তব্যে বৈষম্য ও অসমতা মোকাবিলায় সমন্বিত বৈশ্বিক উদ্যোগের জরুরি প্রয়োজনীয়তা তুলে ধরা হয়।

পররাষ্ট্রমন্ত্রী বিশ্বব্যাপী অভিবাসী শ্রমিকদের সম্মুখীন নানা চ্যালেঞ্জ - যেমন বঞ্চনা, শোষণ এবং ন্যায়বিচারে সীমিত প্রবেশাধিকার - সম্পর্কেও আলোকপাত করেন।

তিনি জোর দিয়ে বলেন, এসব সমস্যা জাতিসংঘের মৌলিক নীতি ও মূল্যবোধকে ক্ষুণ্ণ করে এবং তা মোকাবিলায় জরুরি ও সমন্বিত আন্তর্জাতিক পদক্ষেপ প্রয়োজন।

সমতা ও মানবাধিকারের প্রতি বাংলাদেশের সাংবিধানিক অঙ্গীকার পুনর্ব্যক্ত করে ড. রহমান অন্তর্ভুক্তিমূলক সমাজ, শান্তিপূর্ণ সহাবস্থান এবং শক্তিশালী মানবাধিকার প্রতিষ্ঠান গড়ে তুলতে দেশের চলমান প্রচেষ্টার কথা তুলে ধরেন।

তিনি আরও বলেন, শিক্ষা খাতে বিনিয়োগ বৃদ্ধি, ঘৃণাত্মক বক্তব্যের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ এবং আন্তঃসাংস্কৃতিক সংলাপ জোরদার করা একটি ন্যায়ভিত্তিক ও অন্তর্ভুক্তিমূলক বিশ্ব গঠনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

এই বক্তব্যের মাধ্যমে বৈশ্বিক সংহতির পক্ষে বাংলাদেশের অবস্থান পুনরায় প্রতিফলিত হয়েছে এবং বর্ণবাদ ও বৈষম্যমুক্ত বিশ্ব গঠনে দেশের সক্রিয় ভূমিকার বিষয়টি আরও জোরদার হয়েছে।

■ প্রজন্ম নিউজ ডেস্ক

নিউজ



# কমিউনিটি-ভিত্তিক ও অন্তর্ভুক্তিমূলক সেবা জোরদারে সিবিওদের সঙ্গে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর

২০২৬ সালের ১৫ মার্চ, পপুলেশন সার্ভিসেস অ্যান্ড ট্রেনিং সেন্টার (PSTC) দুইটি কমিউনিটি-ভিত্তিক সংগঠন (সিবিও) - আসক্ত পুনর্বাসন সংস্থা (আপস) এবং বঞ্চিতা এর সঙ্গে আনুষ্ঠানিকভাবে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর করেছে। এই অংশীদারিত্বের মাধ্যমে বাংলাদেশে নির্বাচিত এলাকাগুলোতে প্রান্তিক ও সেবাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য আরও কার্যকর, ন্যায্য এবং টেকসই সেবা নিশ্চিত করার লক্ষ্যে কমিউনিটি - নেতৃত্বাধীন কার্যক্রমকে আরও শক্তিশালী করা হবে।

এই অংশীদারিত্বের মূল লক্ষ্য হলো প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি এবং অন্তর্ভুক্তিমূলক যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকার (SRHR) সেবার পরিধি সম্প্রসারণ। পাশাপাশি, দুর্যোগকালীন জরুরি সাড়া প্রদানের সক্ষমতা জোরদারের ওপরও গুরুত্ব দেওয়া হয়েছে, কারণ যৌনকর্মী ও ইনজেকশন এর মাধ্যমে মাদক ব্যবহারকারীদের মতো ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠী দুর্যোগে তুলনামূলকভাবে বেশি ক্ষতিগ্রস্ত হয় এবং তাদের জন্য সময়োপযোগী ও লক্ষ্যভিত্তিক সহায়তা প্রয়োজন।

এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন আপস এর নির্বাহী পরিচালক মোঃ আবুল বাশার এবং বঞ্চিতা এর নির্বাহী পরিচালক মিসেস নূর নাহার। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পিএসটিসি'র গভর্নিং বডির চেয়ারপারসন সানজিদা ইসলাম এবং নির্বাহী পরিচালক ড. নূর মোহাম্মদ ।

১৯৯৯ সালে রাজশাহীতে প্রতিষ্ঠিত আপস একটি স্বনির্ভর গোষ্ঠী হিসেবে যাত্রা শুরু করে, যা পরবর্তীতে মাদক ব্যবহারকারী ব্যক্তি ও অন্যান্য প্রান্তিক জনগোষ্ঠীর স্বাস্থ্য, অধিকার এবং সামাজিক ক্ষমতায়নে কাজ করা একটি জাতীয় স্বীকৃত সংগঠনে পরিণত হয়েছে। অপরদিকে, বঞ্চিতা হলো যৌনকর্মীদের সংগঠনগুলোর একটি জাতীয় প্ল্যাটফর্ম, যা বাংলাদেশের ৩৩টি সদস্য সংগঠনকে প্রতিনিধিত্ব করে এবং স্বাস্থ্যসেবা প্রদান, অধিকারভিত্তিক অ্যাডভোকেসি ও সক্ষমতা উন্নয়নে ব্যাপক অভিজ্ঞতা অর্জন করেছে।

স্বাক্ষর পরবর্তী বক্তব্যে উভয় সংগঠনই এই অংশীদারিত্বের গুরুত্ব তুলে ধরেন। মোঃ আবুল বাশার বলেন, এই চুক্তি পুনর্বাসন কার্যক্রমকে আরও শক্তিশালী করবে এবং মাদক ব্যবহারকারীদের জন্য সমন্বিত সহায়তা বৃদ্ধি করবে। মিসেস নূর নাহার উল্লেখ করেন, এই অংশীদারিত্ব প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়াবে এবং নারী যৌনকর্মী, গৃহহীন নারীসহ অন্যান্য ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য সেবার পরিধি ও গুণগত মান উন্নত করবে।

ড. নূর মোহাম্মদ অংশীদারিত্বভিত্তিক কর্মপদ্ধতি, স্বচ্ছতা ও জবাবদিহিতার প্রতি পিএসটিসি'র অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন এবং ভবিষ্যৎ কর্মসূচি বাস্তবায়নে সিবিওদের শক্তিশালী ভূমিকা নিয়ে আশাবাদ ব্যক্ত করেন। সানজিদা ইসলাম অংশীদার সংগঠনগুলোর নিষ্ঠা ও অবদানের প্রশংসা করেন এবং প্রান্তিক জনগোষ্ঠীর কল্যাণে ধারাবাহিক প্রচেষ্টা অব্যাহত রাখার আহ্বান জানান।

এই সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে পিএসটিসি'র বিভিন্ন কর্মসূচি ও ব্যবস্থাপনা পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন, যা সম্মিলিত উদ্যোগ এবং কমিউনিটি সম্পৃক্ততার মাধ্যমে টেকসই পরিবর্তন আনার একটি স্পষ্ট বার্তা বহন করে।

■ প্রজন্ম নিউজ ডেস্ক



# বিশ্ব স্বাস্থ্য দিবস

৭ এপ্রিল ২০২৬

স্বাস্থ্যর জন্য একসাথে, বিজ্ঞানের পাশে দাঁড়ান

## বিশ্ব স্বাস্থ্য দিবস ২০২৬
## স্বাস্থ্যের জন্য একসাথে , বিজ্ঞানের পাশে দাঁড়ান

**৭ এপ্রিল ২০২৬**

বিশ্ব স্বাস্থ্য দিবস ২০২৬, যা ৭ এপ্রিল উদযাপিত হয়, সারা বিশ্বের মানুষকে বিজ্ঞানের পাশে দাঁড়ানোর আহ্বান জানায়।

"স্বাস্থ্যর জন্য একসাথে - বিজ্ঞানের পাশে দাঁড়ান" এই প্রতিপাদ্যের অধীনে এ বছরের উদযাপন একটি বছরব্যাপী প্রচারণার সূচনা করছে, যা মানুষের, প্রাণীর, উদ্ভিদের এবং পুরো পৃথিবীর স্বাস্থ্য সুরক্ষায় বৈজ্ঞানিক সহযোগিতার শক্তিকে উদযাপন করে।

এই প্রচারণা বৈজ্ঞানিক সাফল্য এবং প্রমাণভিত্তিক কার্যক্রম বাস্তবায়নে বহুপাক্ষিক সহযোগিতার প্রয়োজনীয়তাকে তুলে ধরে - বিশেষ করে "ওয়ান হেলথ" পদ্ধতির ওপর জোর দিয়ে।

২০২৬ সালের এই প্রচারণার মূলভিত্তি দুটি গুরুত্বপূর্ণ বৈশ্বিক আয়োজন: আন্তর্জাতিক ওয়ান হেলথ সম্মেলন (৭ এপ্রিল), যা বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এবং ফ্রান্স সরকারের যৌথ উদ্যোগে ফরাসি জি৭ প্রেসিডেন্সির অধীনে অনুষ্ঠিত হচ্ছে; এবং প্রথমবারের মতো অনুষ্ঠিত হতে যাওয়া WHO সহযোগী কেন্দ্রগুলোর গ্লোবাল ফোরাম (৭–৯ এপ্রিল), যেখানে ৮০টিরও বেশি দেশের প্রায় ৮০০টি বৈজ্ঞানিক প্রতিষ্ঠান অংশগ্রহণ করছে।

এই দুইটি আয়োজন একসাথে জাতিসংঘের কোনো সংস্থাকে কেন্দ্র করে আয়োজিত সবচেয়ে বড় বৈজ্ঞানিক নেটওয়ার্ক গঠন করেছে, যা দেখায় কীভাবে বিজ্ঞানভিত্তিক অংশীদারিত্ব একটি সুস্থ ও নিরাপদ ভবিষ্যৎ গড়ে তুলতে পারে।

এই প্রচারণায় সবাইকে অংশগ্রহণের আহ্বান জানানো হচ্ছে - বৈজ্ঞানিক সাফল্য উদযাপন করে, প্রমাণভিত্তিক তথ্যের সাথে সম্পৃক্ত হয়ে, বিজ্ঞান কীভাবে জীবনের উন্নতি ঘটায় তার ব্যক্তিগত অভিজ্ঞতা ভাগ করে নিয়ে, এবং #StandWithScience ও #WorldHealthDay হ্যাশট্যাগ ব্যবহার করে বৈশ্বিক আলোচনায় যুক্ত হয়ে।

**প্রচারণার লক্ষ্যসমূহ**

- স্বাস্থ্যের সুরক্ষায় প্রমাণ, তথ্য ও বিজ্ঞানভিত্তিক নির্দেশনার সাথে সম্পৃক্ত হয়ে বিজ্ঞানের পাশে দাঁড়াতে;
- বিজ্ঞান ও জনস্বাস্থ্যের প্রতি আস্থা পুনর্গঠন করতে; এবং
- একটি সুস্থ ভবিষ্যতের জন্য বিজ্ঞাননির্ভর সমাধানকে সমর্থন করতে।

■ সৌজন্যে ঃ WHO

